যুগান্তর

তারিখ ... 30 JUN 2016 ..
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৬ ......

# স্কুল পর্যায়ে ধর্মীয় শিক্ষা বাধ্যতামূলক

——— শিক্ষামন্ত্রী

**যুগান্তর রিপোর্ট**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, স্কুল পর্যায়ে ধর্মীয় শিক্ষা বাধ্যতামূলক করা হয়েছে। মাদ্রাসা শিক্ষা আধুনিকায়ন করা হয়েছে। মাদ্রাসায় এখন ধর্মীয় শিক্ষার পাশাপাশি আধুনিক জ্ঞান-বিজ্ঞানও শিক্ষা দেয়া হচ্ছে।

তিনি বুধবার ঢাকা টিচার্স ট্রেনিং কলেজ মিলনায়তনে স্বাধীনতা শিক্ষক পরিষদ আয়োজিত 'জঙ্গিবাদ দমনে শিক্ষক সমাজের করণীয়' শীর্ষক আলোচনা সভায় এসব কথা বলেন। এ সময় তিনি ছাত্রছাত্রীদের ইসলাম ধর্মের মৌল শিক্ষা দিতে সংশ্লিষ্টদের আহ্বান জানান।

তিনি বলেন, ইসলাম কখনও জঙ্গিবাদ সমর্থন করে না। একটি স্বার্থান্বেষী মহল নিজেদের স্বার্থ হাসিলের জন্য ইসলাম ধর্মের ভুল ব্যাখ্যা করে কোমলমতি শিক্ষার্থীদের মগজ ধোলাইয়ের অপচেষ্টা চালায়। মন্ত্রী বলেন, বর্তমান সরকার ধর্মীয় ও নৈতিক মূল্যবোধসম্পন্ন নতুন প্রজন্ম গড়ে তুলতে কাজ করছে। স্কুল পর্যায়ে ধর্মীয় শিক্ষা বাধ্যতামূলক করা হয়েছে।

স্বাধীনতা শিক্ষক পরিষদের সভাপতি অধ্যাপক আবদুল মান্নান চৌধুরীর সভাপতিত্বে এতে খালিদ মাহমুদ চৌধুরী এমপি, শিক্ষা সচিব সোহরাব হোসাইন ও ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক মুহাম্মদ আহসান উল্লাহ আলোচনা সভায় বক্তৃতা করেন।